

৮ মাঘ ১৪২৪ রোববার ২১ জানুয়ারি ২০১৮

উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলো হবে বিশ্বমানের : শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে সরকার কাজ করছে। এজন্য সরকার গুরুত্ব দিয়ে এ খাতকে তদারকি করছে। উচ্চ শিক্ষার চাহিদা পূরণের লক্ষ্যে অনেকগুলো সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছে। এগুলোর গুণগত মান ধরে রাখার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করেছে। গতকাল শনিবার রাজধানীর বাড্ডা সাতারকুলে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির নিজস্ব ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় তিনি এ কথা বলেন। নাহিদ বলেন, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম পরিচালনার মাধ্যমে একটি অনুকরণীয় বিশ্ববিদ্যালয় হিসেবে

নিজেকে প্রতিষ্ঠা করতে সক্ষম হবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ এবং গুণগত মান বৃদ্ধির জন্য অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। এ জন্য বিষয় বাছাই, শিক্ষাক্রম উন্নয়ন, শিক্ষাদানের পদ্ধতি অব্যাহতভাবে উন্নত ও যুগোপযোগী করতে হবে। সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. চৌধুরী মফিজুর রহমান এবং বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ফরিদুর রহমান খান বক্তব্য রাখেন। সমাবর্তন বক্তা ছিলেন বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস। সমাবর্তনে ৯৬২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী ৪ জন কৃতি শিক্ষার্থীর মাঝে স্বর্ণপদক বিতরণ করেন।